# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 MAY 2025** **7:45—7:55 PM IST**

======================================================

(১) আসাম চা কোম্পানি লিমিটেডের চা শ্রমিকদের জন্য আগামী পয়লা অক্টোবর থেকে দৈনিক মজুরি ২২০ টাকা থেকে বাড়িয়ে ২৫০ টাকা করার বিষয়ে রাজ্য মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত/

(২) আসামের সম্ভাব্য বন্যা পরিস্থিতির মোকাবিলায় রাজ্যের দুর্যোগ প্রশমন বিভাগ প্রস্তুত রয়েছে বলে মন্ত্রী কেশব মহন্তের প্রকাশ/

(৩) সমগ্র দেশের মধ্যে মিজোরাম সম্পূর্ণ সাক্ষরতাপ্রাপ্ত প্রথম রাজ্য হিসেবে ঘোষিত/

এবং

(৪) বদরপুরঘাটের গ্যামন সেতুর মেরামতির জন্য আজ থেকে এই সেতু দিয়ে সবধরণের যানবাহন চলাচল বন্ধ/ রাণীফেরি হয়ে শিলচর-কালাইন সড়ককে বিকল্প সড়ক হিসেবে ব্যবহার/

---

দেড়গাঁওয়ের লাচিত বরফুকন পুলিশ অ্যাকাদেমিতে আজ সকালে আসাম মন্ত্রীসভার এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । এই বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বিষয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সাংবাদিকদের জানান যে- রাজ্যের পর্যটন কেন্দ্রীক অর্থনীতিকে আরো চাঙ্গা করে তোলার উদ্দেশ্যে উন্নতমানের প্রেক্ষাগৃহগুলিকে বিশ্বমানের আলো এবং ধ্বনি প্রযুক্তির মাধ্যমে আরো বিকশিত করে গড়ে তোলার বিষয়ে বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয় । রাজ্যের সৌরশক্তি উৎপাদনের সম্ভাবনাকে সম্পূর্ণরূপে ব্যবহার করতে আসাম সৌরশক্তি উৎপাদন প্রচার নীতি-২০২৫এ মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে । সেই

অনুসারে ২০৩০ সালের মধ্যে তিন হাজার ৫০০ মেগাওয়াট সৌরশক্তি উৎপাদন করে এবং রাজ্যে বেসরকারী এবং সরকারী ক্ষেত্রে বিনিয়োগকে আকর্ষিত করে প্রায় ১৫ হাজার কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্য গ্রহণ করা হয়েছে । আজকের বৈঠকে লাচিত বরফুকন পুলিশ অ্যাকাদেমির উন্নয়নের দ্বিতীয় পর্যায়ের জন্য ২২৯ কোটি ৪১ লক্ষ টাকার প্রশাসনিক অনুমোদন জানানো হয়েছে । ডিব্রুগড়কে রাজ্যের দ্বিতীয় রাজধানীর রূপ দেওয়ার উদ্দেশ্যে এই শহরে বিধানসভার নতুন ক্যাম্পাস এবং বিধায়কদের আবাসগৃহ নির্মাণের জন্য মন্ত্রীসভা ২৮৪ কোটি তিন লক্ষ টাকা বরাদ্দে অনুমোদন জানিয়েছে । আজকের বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আসাম চা কোম্পানি লিমিটেড'এর চা শ্রমিকদের জন্যে আগামী পয়লা অক্টোবর থেকে দৈনিক মজুরি ২২০ টাকা থেকে বাড়িয়ে ২৫০ টাকা করার কথা মুখ্যমন্ত্রী ডঃ শর্মা ঘোষণা করেন ।

-----------------------------------------------------------------------------------------

আজ আর্ন্তজাতিক চা দিবস । রাষ্ট্রসংঘের উদ্যোগে প্রতি বছর ২১ মে দিনটিকে আর্ন্তজাতিক চা দিবস হিসেবে পালন করা হয় । উল্লেখ্য যে আসামের চা শিল্প ইতিমধ্যই ২শো বছরের যাত্রা সম্পূর্ণ করেছে । সমগ্র দেশের মোট চা উৎপাদনের মধ্যে ৫৪ শতাংশ চা আসামে উৎপাদিত হছে । সম্প্রতি ক্ষুদ্র চা শিল্প আসামের সার্বিক অর্থনীতিকে আরো উন্নত করতে সহায়তা করছে । উন্নত পদ্ধতিতে ক্ষুদ্র চা চাষিরা রাজ্যে কাঁচা পাতার সঠিক মূল্য পেতে সমর্থ হচ্ছে ।

রাজ্যের বিভিন্ন স্থানে আজ এই দিবস উপলক্ষে নানা কার্যসূচির আয়োজন করা হয়েছে । ভারতীয় চা পর্ষদের উদ্যোগে আজ গৌহাটি চা নিলাম কেন্দ্রে আসাম চা শিল্পের সমস্যা ও ভবিষ্যৎ সম্পর্কে একটি আলোচনাচক্র অনুষ্ঠিত হয় ।

-----------------------------------------------------------------------------------------

সম্ভাব্য বন্যা পরিস্থিতির মোকাবিলা করতে রাজ্যের দুর্যোগ প্রশমন বিভাগ প্রস্তুত রয়েছে বলে দুর্যোগ প্রশমন বিভাগের  মন্ত্রী জানিয়েছেন । তিনি বলেন যে- ইতিমধ্যে এস ডি আর এফ, এন ডি আর এফ এবং জেলা আয়ুক্তদের জন্যে যাবতীয় নির্দেশ দেওয়া হয়েছে । বন্যার সময়ে যোগাযোগের জন্য নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে । এবং জেলা ও রাজ্য পর্যায়ে প্রাথমিক কাজকর্মের জন্য ইতিমধ্যে আলোচনা হয়েছে । বন্যার পরিপ্রেক্ষিতে উদ্ভুত যেকোনো পরিস্থিতির মোকাবিলা করতে ৩৫টি জেলা এবং ২৯টি সম-জেলার জন্য রাজ্যের রাজস্ব এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ আগেই একশো কোটি টাকা মঞ্জুর করেছে বলেও মন্ত্রী জানিয়েছেন।

-----------------------------------------------------------------------------------------

নগাঁও জেলার হয়বরগাও রেলষ্টেশন সহ দেশের মোট ১০৩টি রেল ষ্টেশনকে আগামীকাল অমৃত ভারত ষ্টেশনে উন্নিত করা হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে এই ষ্টেষনগুলির সূচনা করবেন । উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের জনসংযোগ আধিকারিক সাংবাদিকদের এ কথা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

মিজোরাম সমগ্র দেশের মধ্যে সম্পূর্ণ সাক্ষরতাপ্রাপ্ত প্রথম রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । রাজ্যের মুখ্যমন্ত্রী লালডুয়মা গতকাল কেন্দ্রীয় শিক্ষা বিভাগের প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরীর উপস্থিতিতে মিজোরামকে পূর্ণ সাক্ষরতাপ্রাপ্ত রাজ্য হিসেবে ঘোষনা করেন । আইজলের মিজোরাম বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন যে সর্বাত্মক শিক্ষা এবং প্রত্যেক নাগরিকের সাবলীকরণের জন্য গৃহিত শিক্তিশালী পদক্ষরপের জন্যই মিজোরাম এই সফলতা লাভ করতে সক্ষম হয়েছে । কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এই সাফল্যের জন্য মিজোরামের জনসাধারণকে অভিনন্দন জানিয়েছেন । শ্রী প্রধান সামাজিক মাধ্যমযোগে বলেছেন যে এই সফলতা সমগ্র জাতির জন্য গৌরবের বিষয় । এটি সরকার এবং জনসাধারণের ঐক্যবদ্ধ প্রয়াসের ফল বলে তিনি মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------------

জাতীয় সড়ক এবং পরিকাঠামো উন্নয়ন নিগম লিমিটেডের জারী করা এক নির্দেশ অনুসারে বদরপুর ঘাটের বরাক নদীর ওপর গ্যামন সেতুর জরুরী মেরামতির জন্য আগামী ৬০ দিন অর্থাৎ ২ মাস সব ধরণের যানবাহনের যাতায়াত বন্ধ থাকবে । এই পরিপ্রেক্ষিতে আজ থেকে আগামী ২০ জুলাই পর্যন্ত মেরামতি , দীর্ঘমেয়াদী সুরক্ষা এবং পরিকাঠামো উন্নয়নের জন্য এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । বিকল্প সড়ক হিসেবে যানবাহনের জন্য রাণীফেরি হয়ে শিলচর - কালাইন সড়কটিকে ব্যবহার করা হবে । তবে এই সড়ক দিয়ে ৪০ টনের অধিক ওজনের পন্যবাহী যান-বাহন চলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । এদিকে বিকল্প ব্যবস্থা হিসেবে বহু লোক কাটিগড়া থেকে বদরপুর পর্যন্ত নৌকা দিয়া যাতায়াত শুরু করেছে । উল্লেখ্য যে কাটিগড়া বদরপুর সংযোগী এই সেতুটি বরাক উপত্যকার জনসাধারণ সহ ত্রিপুরা এবং মিজোরামের সঙ্গে সংযোগ স্থাপনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোতে প্রাপ্ত সরকারী পরিষেবাগুলোর সুযোগ-সুবিধা গ্রহন করতে কেন্দ্রীয় জল শক্তি প্রতিমন্ত্রী ডক্টর রাজ ভূষন চৌধুরী জেলার অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন । হাইলাকান্দি জেলা সফররত কেন্দ্রীয়

প্রতিমন্ত্রী আজ আলগাপুর উন্নয়ন খন্ডের অধীন কাপনারপারে ৯০ নম্বর মডেল অঙ্গনওয়ারি  কেন্দ্রের নতুন ভবনের উদ্বোধন করে অভিভাবকদের প্রতি এই আবেদন জানিয়েছেন । কেন্দ্রীয় মন্ত্রী ডক্টর চৌধুরী বলেন যে প্রাক বিদ্যালয় হিসেবে অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোতে শিশুদের অক্ষর জ্ঞানের পাশাপাশি পরিপূরক আহার সামগ্রী প্রদান করা হয়ে থাকে । কিন্তু অধিকাংশ অভিভাবক এ সর্ম্পকে সচেতন না থাকায় , শিশুরা এইসব পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে । আজকের অনুষ্ঠানে বিধায়ক নিজাম উদ্দিন চৌধুরী , জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের পূর্ত বিভাগের নির্দেশে শ্রীভূমির কার্যবাহী বাস্তুকার পূর্ত বিভাগ করিমগঞ্জ নর্থ ও করিমগঞ্জ সাউথ টেরিটোরিয়াল রোড ডিভিশনের নতুন নামকরন করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এখন থেকে সড়ক ডিভিশনের নাম এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার পূর্ত বিভাগ শ্রীভূমি নর্থ ও শ্রীভূমি সাউথ টেরিটোরিয়াল রোড ডিভিশন করা হয়েছে । এছাড়া শ্রীভূমি শহরের লক্ষী বাজার রোডে পূর্ত বিভাগের কার্য্যলয়ের নাম অফিস অব দ্যা অ্যাসিস্টেন্ট ইক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার পূর্ত বিভাগ শ্রীভূমি নর্থ টেরিটোরিয়াল রোড সাব ডিভিশন করা হয়েছে এবং নিলাম বাজারে থাকা পূর্ত বিভাগের নাম অফিস অব দ্যা অ্যাসিস্টেন্ট ইক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার পূর্ত বিভাগ শ্রীভূমি সাউথ টেরিটোরিয়াল রোড সাবডিভিশন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

প্রকৃতি সংরক্ষণ এবং মহিলাদের সবলীকরণের সমন্বয়ে শিলচর শহরে আজ থেকে ‘ওমেন ফর ট্রি’স’ শীর্ষক এক সবুজ অভিযান আরম্ভ হয়েছে । কেন্দ্রীয় গৃহনির্মাণ এবং শহর পরিক্রমা মন্ত্রণালয়ের পরিকল্পনার অধীনে অটল মিশন ফর রিজুভিনেশন এন্ড আরবান ট্রান্সফর্মেশন এবং জাতীয় শহরাঞ্চল জীবিকা অভিযানের যৌথ প্রচেষ্টায় শিলচর শহরে এই কার্যসূচী অনুসঠিত হয়েছে । কার্যসূচীর শুরুতে শিলচর শহরের আরবান লোক্যাল বোর্ডের আধিকারিকগণ এবং আত্মসহায়ক গোষ্ঠীগুলির সদস্যরা কাছাড় কলেজ সংলগ্ন এস এল আর এম সেন্টারকে গাছ রোপণের প্রাথমিক স্থান হিসেবে বাছাইয়ের সিদ্ধান্ত নেন । এই স্থান থেকেই পরিবেশ সুরক্ষার এক দীর্ঘ যাত্রা আরম্ভ হবে বলে অভিমত ব্যক্ত করা হয় । এই বৃক্ষ রোপণ এবং তাদের রক্ষণাবেক্ষণের মাধ্যমে শহরের পারিপার্শ্বিক ভারসাম্য ফিরিয়ে আনার প্রয়াস শুরু করার লক্ষ্য নির্দ্ধারণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের সম্মিলিত লোকমঞ্চের উদ্যোগে আগামী ২৬শে মে শিলচরে ধামাইল দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে গতকাল আয়োজিত এক বৈঠকে ধামাইল দিবস পালনের চূড়ান্ত রূপরেখা তৈরী করা হয় । সভায় জানানো হয় যে ঐদিন শিলচর সঙ্গীত বিদ্যালয়ে সকাল ১১টা থেকে এই দিবসের কার্যসূচি শুরু হবে ।

---

ভারতীয় জনতা পার্টির প্রবীন নেতা বিশ্বরূপ ভট্টাচার্য্য শ্রীভূমি শহর উন্নয়ন পর্ষদের নতুন সভাপতি নিযুক্ত হয়েছেন । রাজ্যের আবাসন ও নগর উন্নয়ন বিভাগের সচিব রিচাঁদ আহমেদ গতকাল এক বিজ্ঞপ্তী জারী করে শ্রীভূমি শহরের উন্নয়ন কর্তৃপক্ষের সভাপতি হিসেবে বিশ্বরূপ ভট্টাচার্যের নাম সহ মোট ১১টি শহরের উন্নয়ন কর্তৃপক্ষের সভাপতি নিযুক্তির কথা জানিয়েছেন ।

---

শ্রীভূমি জেলার খাদ্য , গনবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলায় খাদ্য সুরক্ষা যোজনার কার্ডধারীদের চলতি মে মাসের কেরোসিন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এই কেরোসিন, কার্ড পিছু এক লিটার ১২ মিলি লিটার করে শহর ও গ্রামাঞ্চলে গ্রাহকদের মধ্যে বন্টন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---